

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৭.০০০০.০২১.০৩.০২৪.১৭-২৪৯(৮৩)

তারিখঃ

৭ ফাল্গুন '১৪২৩ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি '২০১৬ খ্রিঃ

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয়/ আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ে নৈতিকতা কমিটির কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অগ্নি অধিশাখার স্মারক নং-৪৪.০০.০০০০.০২৫.৩৮.০০৪.১৬-৮৭ তাং ৩১-১ ২০১৭ খ্রিঃ।

১। সূত্রস্থ স্মারকের ছায়ালিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আপনার অধীনস্থ দপ্তরসমূহে নিম্নরূপ "নৈতিকতা কমিটি গঠন" পূর্বক বিভাগীয় দপ্তর হতে একীভূত প্রতিবেদন ০২ (দুই) সেট জরুরী ভিত্তিতে এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক) বিভাগীয় দপ্তরের জন্য

১।	কারা উপ-মহাপরিদর্শক	আহ্বায়ক
২।	সিনিয়র জেল সুপার	সদস্য-সচিব এবং ফোকাল পয়েন্ট
৩।	জেলার	সদস্য

খ) কেন্দ্রীয়/জেলা কারাগারের জন্য

১।	সিনিয়র জেল সুপার/জেল সুপার	আহ্বায়ক
২।	জেলার	সদস্য-সচিব এবং ফোকাল পয়েন্ট
৩।	সর্বপ্রধান কারারক্ষী / প্রধান কারারক্ষী	সদস্য
৪।	কারা সহকারি	সদস্য
৫।	কারা মসজিদের ঈমাম(প্রযোজ্য ক্ষেত্রে)/ কারারক্ষী	সদস্য

২। কার্যপরিধিঃ

- ১। সংশ্লিষ্ট মাঠ পর্যায় কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করণ;
- ২। পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
- ৩। কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ এবং
- ৪। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন।

সংযুক্তি : বর্ণনামতে।


(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)

সহকারি কারা মহাপরিদর্শক (উন্নয়ন)

পক্ষে- কারা মহাপরিদর্শক

aig.dev@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক

সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃঃ আঃ- অতিঃ সচিব (কারা/অগ্নি)
- ২। কারা উপ-মহাপরিদর্শক, সিনিয়র জেল সুপার, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।